ইষ্ট ওয়েষ্ট ইন্ডাষ্ট্রিয়াল পার্ক
ছয়দানা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন নং ঃ ৯২৯১৩৯৭, ৯২৯১৩৯৮

বৈষম্যহীনতা নীতিমালা
(Non-Discrimination Policy)

অনুমোদন তারিখ	জানুয়ারি ২, ২০১৩
অনুমোদনকারী	তানভীর জিয়াউল রশীদ (উপব্যবস্থাপনা পরিচালক)
নবায়নের তারিখ	জানুয়ারি ০১, ২০১৯
পরবর্তী নবায়নের তারিখ	জানুয়ারি ০১, ২০২০
দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা বিভাগ	মানব সম্পদ বিভাগ

উদ্দেশ্যঃ

ইষ্ট ওয়েষ্ট ইন্ডাষ্ট্রিয়াল পার্ক কর্তৃপক্ষ মনে করেন সব মানুষ সমান। সমান ভাবে নারী ও পুরুষ কর্মীদের কাজের মুল্যায়ন করে থাকে। এখানে নারী পুরুষ, ধর্ম, বর্ণ, জাতি নির্বিশেষে সকলের অধিকার সমান। সবার দক্ষতা অনুযায়ী পারিশ্রমিক. পদোন্নতি ইত্যাদি দিয়ে থাকে যাতে শ্রমিক ও মালিক পক্ষের সাথে কোনো রূপ ভুল বুঝাবুঝির সৃষ্টি না হয়। কারখানায় যাতে কোনো বৈষম্য মূলক কর্মকান্ডের সৃষ্টি না হয় সে উদ্দেশ্যে এই নীতিমালা প্রণয়ন।

প্রতিশ্রুতিঃ এই নীতিমালা বাস্তবায়ন করা।

<u>বৈষম্যহীনতা নীতিমালা সমুহ নিম্নরূপঃ</u>

১. কারখানায় যে কোনো শাখায় নিয়োগের ক্ষেত্রে নারী, পুরুষ, জাতি, ধর্ম, বর্ণ, শিক্ষা ও বয়স নির্বিশেষে শুধুমাত্র কাজের দক্ষতাই হবে নিয়োগ প্রাপ্তির প্রধান বিবেচ্য বিষয়। যে শ্রমিকের কাজরে দক্ষতা বেশি তার গ্রেড/মজুরি বেশি হবে এটাই স্বাভাবিক। লিঙ্গীয় বা অন্য কোনো ধরনের বৈষম্য বা বিশেষাধিকার অত্র কারখানা সমূহের কর্তৃপক্ষ কখনো সমর্থন করে না। উল্লেখ্য যে, মহিলা শ্রমিক নিয়োগের ক্ষেত্রে কখনো অন্তঃসত্ত্বার পরীক্ষা করা হয় না।

২. কর্মসংস্থান, বেতন, সুযোগ-সুবিধা, কর্মচ্যুতি অথবা অবসর গ্রহণের সিদ্ধান্ত সম্পূর্ণভাবে প্রতিটি কর্মীর নিজস্ব শিক্ষাগত যোগ্যতা, পেশাদারী যোগ্যতা ও কর্মক্ষেত্রের কর্ম দক্ষতার উপর নির্ভরশীল। এ ক্ষেত্রে

নবায়নকারী	সংশোধনকারী	নিরীক্ষাকারী	অনুমোদনকারী
সি. ডেপুটি ম্যানেজার, এইচআর	ইনচার্জ-এইচআর,এডমিন এন্ড কম্প্লায়েন্স	প্রধান নির্বাহী কর্মকর্তা	ডিএমডি/এমডি

ইষ্ট ওয়েষ্ট ইন্ডাষ্ট্রিয়াল পার্ক
ছয়দানা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন নং ঃ ৯২৯১৩৯৭, ৯২৯১৩৯৮

কারখানায় যে কোনো সেকশনে বেতন নির্ধারণ করার ক্ষেত্রে নারী, পুরুষ, জাতি, ধর্ম, বর্ণ, শিক্ষা ও বয়স নির্বিশেষে শুধু মাত্র যোগ্যতা ও কাজের দক্ষতাই হবে প্রধান বিবেচ্য বিষয়। নারী পুরুষ সবাইকে সমান চোখে দেখা হয় এবং এক্ষেত্রে মজুরি/বেতনের কোনো বৈষম্য করা হয় না।রাষ্ট্রীয় শ্রম আইন সর্বদা মেনে চলা হয়।

৩. **ইষ্ট ওয়েষ্ট ইন্ডাষ্ট্রিয়াল পার্ক** এর উর্ধ্বতন কর্তৃপক্ষ কোম্পানির সকল নীতিমালা প্রয়োগে সজাগ দৃষ্টি রাখেন যাতে করে কারো প্রতি কোন প্রকার পক্ষপাতমূলক আচরণ করা না হয়।

৪. কারখানায় যে কোনো বিভাগ/সেকশনে ছুটি ভোগের ক্ষেত্রে নারী, পুরুষ, জাতি, ধর্ম, বর্ণ, শিক্ষা, বয়স, পদবি বিন্যাস না করে শ্রম আইন অনুসারে ছুটি ভোগ করতে দেয়া হয়।

৫. শ্রমিকের জানার এবং কোন বিষয়ে পরিষ্কার ধারণা থাকার জন্য কোম্পানির সকল নীতিমালা বোর্ডে প্রদর্শন করা হয়ে থাকে। এছাড়াও নতুন কর্মীদের পরিচিতিমূলক প্রশিক্ষণ এবং নির্দিষ্ট সময় অন্তর সকল কর্মীদের ধারাবাহিক প্রশিক্ষণে নীতিমালা সমূহ আলোচনার ব্যবস্থা আছে।

৬. **ইষ্ট ওয়েষ্ট ইন্ডাষ্ট্রিয়াল পার্ক** শ্রমিকের নিয়োগের ক্ষেত্রে সম্ভাব্য প্রার্থীকে কাজের সাথে সম্পর্কহীন কোন ব্যক্তিগত বা আইন বহির্ভূত প্রশ্ন করা হয় না।

৭. চাকরিতে পদোন্নতির ক্ষেত্রে দক্ষতার প্রমাণ ও কর্মে নিষ্ঠার মূল্যয়নই হবে প্রধান বিবেচ্য বিষয়। এক্ষেত্রে পুরাতন কর্মীদেরকে জানানো হয় এবং তাদেরকে প্রতিযোগিতা করার জন্য সার্বিক সুযোগ দেয়া হয়। কোনো রকমের স্ব-জন প্রীতি বা বৈষম্য করা হয় না। আমরা শ্রমিক নিয়োগ, পদোন্নতি এবং অন্যান্য সুবিধা সমূহের নারী-পুরুষ, জাতিগত কোনো বৈষম্যের সৃষ্টির ক্ষেত্রে সম্পূর্ণ উদার নীতি মেনে চলা হয়।

৮. সুষ্ঠু কর্ম পরিবেশ বজায় রেখে উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জন করাই অত্র প্রতিষ্ঠানের একমাত্র লক্ষ্য। কর্তৃপক্ষ শ্রমিক ও কর্মচারী দের প্রয়োজনীয় ট্রেনিং দিয়ে থাকে যাতে কারখানায় কোনো রকম বৈষম্যের সৃষ্টি হতে না পারে।

৯. কারখানায় কর্মে নিযুক্ত কারো প্রতি যদি কোনো রকম বৈষম্য বা পক্ষপাতিত্ব মূলক আচরণ করা হয়, তবে তার সাথে জড়িত ব্যক্তির বিরুদ্ধে আইন/বিধি মোতাবেক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়।

নবায়নকারী	সংশোধনকারী	নিরীক্ষাকারী	অনুমোদনকারী
সি. ডেপুটি ম্যানেজার, এইচআর	ইনচার্জ-এইচআর,এডমিন এন্ড কম্প্লায়েন্স	প্রধান নির্বাহী কর্মকর্তা	ডিএমডি/এমডি

ইষ্ট ওয়েষ্ট ইন্ডাষ্ট্রিয়াল পার্ক
ছয়দানা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন নং ঃ ৯২৯১৩৯৭, ৯২৯১৩৯৮

এই নীতিমালা ইস্ট ওয়েস্ট ইন্ডাস্ট্রিয়াল পার্ক এর অন্তর্গত নিম্নরূপ কারখানা সমূহ ক্ষেত্রে প্রযোজ্য হবে-

১. ফ্যাশন স্কার্ট এন্ড ট্রাউজার্স লি.
২. ইউনাইটেড ফ্যাশন ট্রাউজার্স লি.
৩. ইস্ট ওয়েস্ট ফ্যাশন গার্মেন্টস লি.
৪. ইস্ট ওয়েস্ট ড্রেস প্যান্ট লি.
৫. রুমানা ফ্যাশন লি.
৬. রুমানা ফ্যাশন লি.-২
৭. ফ্যাশন স্যুট এন্ড ট্রাউজার্স লি.
৮. ফ্যাশন ট্রাউজার্স লি.
৯. প্যান্টালুন ফ্যাশন লি. এবং
১০. আলিজা ফ্যাশন লি.

নোটঃ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সর্বশেষ সংশোধিত, ২০১৮) এবং বিধিমালা, ২০১৫ এর কিছু বিধি নিষেধ অত্র নীতিমালার বহির্ভূত যদি থাকে, তাহলে তা পরবর্তীতে অত্র প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের সম্মতিক্রমে তা সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করা হবে।

নবায়নকারী	সংশোধনকারী	নিরীক্ষাকারী	অনুমোদনকারী
সি. ডেপুটি ম্যানেজার, এইচআর	ইনচার্জ-এইচআর,এডমিন এন্ড কম্প্লায়েন্স	প্রধান নির্বাহী কর্মকর্তা	ডিএমডি/এমডি